



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া  
মেলান্দহ, জামালপুর।  
Website: www.bbhcj.edu.bd  
E-mail: bbc110146@gmail.com

জনসংযোগ দপ্তর  
মোবাইল: ০১৭৪০-৬০২৪২০  
E-mail: rumonsrs@gmail.com

তারিখঃ ২৬ মার্চ, ২০২৪ খ্রি.  
১২ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ

## সংবাদ বিজ্ঞপ্তি

### বাংলাদেশের স্বাধীনতা: প্রত্যাশা ও অর্জন

মোঃ ফজলুল হক চৌধুরী, অধ্যক্ষ, বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া, মেলান্দহ, জামালপুর।

২৬ মার্চ, ১৯৭১ সালে দিনের নবীন সূর্যোদয়ের মধ্যে দিয়ে আমাদের জাতীয় জীবনে একটি নতুন অধ্যায়ের সূচনা হয়। পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ নামক একটি স্বাধীন দেশের অন্তর্ভুক্তি ঘটে। এদেশের অসংখ্য দেশপ্রেমিক শহীদের আত্মদানে আজ বাঙ্গালি স্বাধীন। বৃটিশরা নেই, পাকিস্তানিরা নেই, নেই জমিদাররা। তাই স্বাধীনতার এই দিনটি পালন করতে গিয়ে আমাদের কর্তব্য হয়ে উঠে স্বাধীনতার স্বপ্ন ও সাধ আমরা কতটুকু বাস্তবায়ন করতে পেরেছি। এক্ষেত্রে কতটুকু অর্জন করতে পেরেছি এবং বিশ্বসভায় আমাদের অবস্থানই বা কোথায়? সেসব মিলিয়ে দেখা।

স্বাধীন বাংলাদেশের যাত্রা ছিলো কষ্টকাকুল ও বিপৎসংকুল। একদিকে যুদ্ধবিধ্বস্ত একটি দেশ। ভৌত-অবকাঠামো, রাস্তাঘাট, ব্রিজ, যানবাহন, বিদ্যুৎ টেলিফোন, প্রায় বিনষ্ট বিধ্বস্ত। বৈদেশিক মুদ্রার শূন্য ভাণ্ডার ও ভারসাম্যহীন আন্তর্জাতিক বাণিজ্য। নিঃস্ব সহায়-সম্মলহীন কোটি শরণার্থীর স্বদেশ প্রত্যাভর্তন ও পুনর্বাসন চ্যালেঞ্জ। বিশ্বমন্দা ও নানা আন্তর্জাতিক ষড়যন্ত্র। বন্যা, খাদ্যাভাব, সামাজিক অস্থিরতা ও আইনশৃঙ্খলার চরম অবনতি।

স্বাধীনতার ৫৪ বছরে বাংলাদেশ অসামান্য সফলতা অর্জন করেছে। ৮০ শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে ছিল এখন তা চার ভাগের তিন ভাগেরও অধিক কমাতে সক্ষম হয়েছে যা অর্থনৈতিক সমৃদ্ধিকে নির্দেশ করে। এছাড়াও মাথাপিছু গড় আয় বৃদ্ধি, জীবনযাত্রার মান উন্নতি, যোগাযোগ, কৃষি, তথ্য প্রযুক্তি, গবেষণাসহ বিভিন্ন খাতে ব্যাপক উন্নতি লাভ করে। যার প্রতিফলন দেখা যায়, বিদ্যুতায়ন, গ্রামীণ সড়কের ঘনত্ব, শিল্পায়ন, গৃহায়ন, নগরায়ন, ব্যবসা-বাণিজ্যের প্রসার, দারিদ্র্য বিমোচন প্রভৃতি ক্ষেত্রে। স্বাধীনতার ৫৪ বছরে স্ব-অর্থায়নে পদ্মাসেতু, মেট্রোরেল, ট্যানেল, বঙ্গবন্ধু স্যাটেলাইট, রূপপুর পারমানবিক প্ল্যান্ট, ওভার ব্রিজ, ফ্লাই ওভার, ঘরে ঘরে বিদ্যুৎ, গ্রাম ও শহরের ব্যবধান কমানো সহ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সক্ষমতা লাভ করেছে। বিভিন্ন খাদ্য উৎপাদনে বাংলাদেশ আজ স্বয়ংসম্পূর্ণ।

দীর্ঘ পথ পরিক্রমায় বর্তমানে সাধারণ মানুষের প্রত্যাশা দেশের উন্নয়নের সাথে সাথে প্রতিষ্ঠিত হোক প্রশাসন, গণতন্ত্র, অসাম্প্রদায়িকতা। যাতে মানুষ মাথা উঁচু করে বলতে পারে স্বাধীনতা অর্জনের মৌলিক প্রত্যাশা পূরণে আমাদের বিসর্জন যেন অব্যর্থ। আমরা চাই এমন এক বাংলাদেশ যেখানে চাকুরীর খোঁজে দেশের যুবককে অসহায়ভাবে ঘুরতে হবে না। যেখানে চিকিৎসার পেছনে ব্যয় হবেনা কাড়ি কাড়ি টাকা, যেখানে শিক্ষা হবে প্রকৃত মানুষ গড়ার হাতিয়ার, জনবল হবে সৎ ও কর্মঠ, নীতিবান ও একাগ্রচিত্তে যারা দেশকে মুক্ত রাখবে দুর্নীতির কলুষতা থেকে। জয় বাংলা জয় বঙ্গবন্ধু।

২৬.০৬.২৪

রুমন আহাম্মেদ  
প্রভাষক, বাংলা বিভাগ

ও

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া  
মেলান্দহ, জামালপুর।